



নয়াপল্টনে গুলিতে নিহত স্বেচ্ছাসেবক দল নেতার জানাজা সম্পন্ন



সংগৃহীত ছবি

গুলিতে নিহত ঢাকা মহানগর উত্তর স্বেচ্ছাসেবক দলের সাবেক সাধারণ সম্পাদক আজিজুর রহমান মুছাব্বিরের প্রথম জানাজা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে এ জানাজা হয়।

জানাজায় বিএনপি ও সহযোগী সংগঠনের কেন্দ্রীয় ও মহানগর পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন। তারা মরহমের মৃত্যুতে শোক প্রকাশ করেন এবং হত্যাকাণ্ডের সূচ্যু তদন্ত দাবি করেন। নামাজ শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়। পরে কাওরান বাজার এলাকায় দ্বিতীয় জানাজার পর দাফনের কথা রয়েছে।

এর আগে বুধবার রাতে তেজগাঁওয়ের তেজতুরি বাজার এলাকায় দুর্বৃত্তের গুলিতে প্রাণ হারান মুছাব্বির। এ ঘটনায় নিহতের স্ত্রী তেজগাঁও থানায় মামলা দায়ের করেছেন। মামলায় অজ্ঞাত কয়েকজনকে আসামি করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে।

LENS ASIA